# 2022

## BENGALI

### ( Honours Elective )

Paper : BEN–HE–5026

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) তারকনাথের স্ত্রী (বিবেকানন্দের খুড়িমা)র নাম কী?

(খ) বিশ্বনাথ দত্তের মৃত্যু কত খ্রিস্টাব্দে হয়েছিল?

(গ) নরেন্দ্রনাথের বিবাহের প্রস্তাবক কে ছিলেন?

(ঘ) উত্তর কলকাতায় কোন্ মহাকবি বিবেকানন্দের প্রতিবেশী ছিলেন?

(ঙ) দত্তদের (বিশ্বনাথ দত্তের পূর্বপুরুষ) আদিনিবাস কোথায় ছিল?

(চ) বিবেকানন্দের পিতামহের নাম কী ছিল?

(ছ) 'যুগান্তর' পত্রিকা কত সালে প্রকাশিত হয়েছিল ?

(জ) দেবব্রত কী নামে পরিচিত ছিলেন ?

(ঝ) 'বন্দেমাতরম্' পত্রিকার সম্পাদক কে ছিলেন ?

(ঞ) 'উদাসী' সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে ?

(ট) মানিকতলা বাগানের 'নতুন ছেলে' বলে পরিচিত ছেলেটির নাম কী ?

(ঠ) উদাসী সম্প্রদায়ের তীর্থস্থান কোথায় ?

(ড) ছেলেবেলায় রবীন্দ্রনাথ কীসের দলে যোগ দিতে চেয়েছিলেন ?

(ঢ) 'ছেলেবেলা' গ্রন্থে কে লবকুশের ছড়া আউড়াতেন বলে উল্লিখিত হয়েছে ?

(ণ) ঠাকুরবাড়ির জমাদারের নাম কী ছিল ?

(ত) "ঐ মেয়ে ভূতটা সবচেয়ে ছিল বদমেজাজি।" ('ছেলেবেলা')—এখানে যে ভূতের কথা বলা হল তার নাম বলো।

(থ) রবীন্দ্রনাথ তাঁর বউদিদিকে কোন্ গ্রন্থ পাঠ করে শোনাতেন ?

(দ) জ্যোতিদাদা (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর)র সঙ্গে রবীন্দ্রনাথের বয়সের পার্থক্য কত বছরের ?





২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) 'বহিছে কৃপাঘন ব্রহ্মনিঃশ্বাস পবনে' ('অচেনা অজানা বিবেকানন্দ') গানটি কে, কোথায় গেয়েছিলেন ?

(খ) শঙ্করাচার্য কোন্ শতকে বর্তমান ছিলেন ? তিনি কত বছর বেঁচেছিলেন ?

(গ) বিবেকানন্দের দুজন বিদেশী ভক্তের নাম লেখো।

(ঘ) স্বামীজির জন্মদিনে বেলুড়মঠে কে, কত টাকা পাঠাতেন ?

(ঙ) 'ছেলেবেলা' গ্রন্থে উল্লিখিত দুটি পত্রিকার নাম লেখো।

(চ) রবীন্দ্রনাথের দুজন মাস্টারমশাইয়ের নাম লেখো।

(ছ) জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে চাকরদের ছোটকর্তার নাম কী ছিল ? তাঁর বাড়ি কোথায় ?

(জ) আলিপুর জেলে উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে একই কুঠরিতে থাকা দুজন বন্দির নাম লেখো।

(ঝ) 'লপ্‌সি' কী, লেখো।

(ঞ) অমরকণ্টক কোথায় অবস্থিত ? সেখানে উপেন্দ্রনাথ কোন্ সাধুদের দেখতে পেয়েছিলেন ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) মিসেস সারা বুলকে লেখা চিঠিতে বিবেকানন্দ কী লিখেছিলেন তা আলোচনা করো।

(খ) বিবেকানন্দের ভগিনী যোগীন্দ্রবালা সম্পর্কে যা জান সংক্ষেপে লেখো।

(গ) সংসারে দায়িত্ব বিবেকানন্দ কীভাবে পালন করেছিলেন তা বিশদে বর্ণনা করো।

(ঘ) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে ঠাকুরবাড়ির দরোয়ানদের কাজ কী ছিল, বর্ণনা করো।

(ঙ) তাঁর ঠাকুরমার আমলের পালকি সম্পর্কে রবীন্দ্রনাথ কী বিবরণ দিয়েছেন, লেখো।

(চ) রবীন্দ্রনাথের 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে বাল্যকালে রবীন্দ্রনাথের ভূতের ভয় সম্পর্কে আলোচনা করো।

(ছ) 'নির্বাসিতের আত্মকথা' অবলম্বনে মানিকতলা বাগান সম্পর্কে যা জান লেখো।

(জ) বড়লাট ফ্রেজারকে মারার যে পরিকল্পনা করা হয়েছিল তার যথাযথ বিবরণ দাও।





৪। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) সংসার ত্যাগ ও সন্ন্যাস সম্পর্কে স্বামীজির বক্তব্য তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

(খ) 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থ অবলম্বনে বিবেকানন্দের পারিবারিক ইতিহাস সম্পর্কে যা জানা যায় লেখো।

(গ) পরিবারের আর্থিক দুরবস্থা বিবেকানন্দকে কীরূপ প্রভাবিত করেছিল, আলোচনা করো।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'ছেলেবেলা' গ্রন্থে বর্ণিত রবীন্দ্রনাথের বিদ্যাশিক্ষা-সম্পর্কিত স্মৃতিগুলি আলোচনা করো।

(খ) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে সেকালের কলকাতা শহরের বর্ণনা দাও।

(গ) বালক রবীন্দ্রনাথের কাছে আবদুল মাঝি যে গল্প পরিবেশন করেছিল তা তোমার নিজের ভাষায় লেখো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ১০

(ক) 'নির্বাসিতের আত্মকথা' অবলম্বনে উপেন্দ্রনাথের সন্ন্যাস-জীবনের কথা যা জান লেখো।

(খ) মানিকতলার বাগানবাড়িতে যে পুলিশি খানাতল্লাশি হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

৭। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'ছেলেবেলা' গ্রন্থটির নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'নির্বাসিতের আত্মকথা' অবলম্বনে উপেন্দ্রনাথের সঙ্গীসাথী ও বন্ধুবর্গের বৈপ্লবিক কর্মকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ দাও।

★★★